

জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৯৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাবিতে চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের অটো প্যাথলজি এ্যানালাইজার চালু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৬ জানুয়ারি ২০২০।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে স্বাস্থ্যসেবা বৃদ্ধিকল্পে উন্নতমানের প্যাথলজি ইউনিট চালু করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম আজ সকাল ১১টায় আনুষ্ঠানিকভাবে চিকিৎসা কেন্দ্রের প্যাথলজি ইউনিটে ‘অটো প্যাথলজি এ্যানালাইজার’ উদ্বোধন করেন। তিনি অটো এ্যানালাইজারটি উদ্বোধন করার সময় সংক্ষিপ্ত ভাষণে বলেন, আমরা পর্যায়ক্রমে চিকিৎসা কেন্দ্রে অধিকতর স্বাস্থ্যসেবা বৃদ্ধি করব। উপাচার্য বলেন, বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে জাহাঙ্গীরনগরে এই প্রথম বহুমুখি অটো প্যাথলজি এ্যানালাইজার চালু করা হলো। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, অনুষদ ডিন, হল প্রভোস্ট, ভারপ্রাপ্ত প্রধান মেডিক্যাল অফিসার ডা. মো. শামছুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ।

বায়োট্রেড ইন্টারন্যাশনাল লিমিটেডের সৌজন্যে প্রাপ্ত সিমেন্স ডাইমেনশন ২০০০ মডেলের অটো এ্যানালাইজার মেশিনে সুগার প্রোফাইল, কিডনি, লিভার, লিপিড প্রোফাইল, কার্ডিয়াক মার্ক, লিভার, লিপিড প্রোফাইল, ইলেক্ট্রোইট, ড্রাগ টেস্ট, আয়রন প্রোফাইল, থায়রয়েড প্রোফাইল ও ক্যান্সার মার্ক ইত্যাদি পরীক্ষা করা যাবে।

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)

